# উপজেলা পরিষদ, তেঁতুলিয়া, পঞ্চগড়-এর ডিসেম্বর, ২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ ফজলে রাব্বি
প্রশাসক, উপজেলা পরিষদ, তেঁতুলিয়া, পঞ্চগড়
সভার তারিখ : ১৯/১২/২০২৪ খ্রি., সময়: বেলা ১২.০০ টা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তেঁতুলিয়া, পঞ্চগড়

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক'-তে দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। অতঃপর বিভাগওয়ারী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ নভেম্বর, ২০২৪ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। উক্ত কার্যবিবরনীর সিদ্ধান্তসমূহ সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | নভেম্বর, ২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সঠিকভাবে লিখা হয়েছে মর্মে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। | সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান |
| ০২ | **উপজেলা স্বাস্থ্য ও প.প. বিভাগঃ** উপজেলার স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে।<br>সভাপতি মহোদয় শতভাগ জন্ম নিবন্ধন করার কাজে সহযোগিতা করার জন্য টিকা কর্মীদের ০-৪৫ দিনের শিশুদের তালিকা করে তা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে জমা প্রদানের জন্য অনুরোধ জানান এবং এতবিষয়ে টিকা কর্মী/স্বাস্থ্য কর্মী/ স্বাস্থ্য সহকারীদের ইউনিয়ন মাসিক সভায় উপস্থিত থেকে বিষয়টি বিশদভাবে আলোচনা করারও আহবান জানান। | (০১) কাজের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।<br>(০২) সভায় ঔষধ ও উপকরণের হালনাগাদ তথ্য ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ করতে হবে।<br>(০৩) হাসপাতালের টেলিমেডিসিন সার্ভিস এর বিষয়টি ব্যাপক প্রচারের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়।<br>(০৪) শতভাগ জন্ম নিবন্ধন করার কাজে সহযোগিতা করার জন্য টিকা কর্মীদের ০-৪৫ দিনের শিশুদের তালিকা করে তা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে জমা প্রদানের জন্য অনুরোধ জানান এবং এ বিষয়ে টিকা কর্মী/ স্বাস্থ্য কর্মী/ স্বাস্থ্য সহকারীদের ইউনিয়ন মাসিক সভায় উপস্থিত থেকে বিষয়টি বিশদভাবে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা প্রশাসন/ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা/ ইউনিয়ন পরিষদ/ বেসরকারি সংস্থা ও সেচ্ছাসেবী সংগঠন<br><br>উপজেলার স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, তেঁতুলিয়া, পঞ্চগড় |
| ০৩ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** সহকারী উপজেলা প.প. কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | (০১) সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা |
| ০৪ | **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (০১) সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, তেঁতুলিয়া, পঞ্চগড় |
| ০৫ | **উপজেলা মৎস্য বিভাগঃ**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | (০১) সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, তেঁতুলিয়া |
| ০৬ | **প্রাণিসম্পদ বিভাগঃ**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তেঁতুলিয়া সভায় অবহিত করেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | (০১) সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৭ | **দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর :**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বিভিন্ন দূর্ঘটনার খবর তাৎক্ষনিক ভাবে জানানোর জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | (০১) দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমে অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে এবং বিভিন্ন দূর্ঘটনার খবর তাৎক্ষনিকভাবে জানানোর জন্য ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৮ | **সমাজসেবা অধিদপ্তর :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তেঁতুলিয়া সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় যেসকল কর্মকান্ড পরিচালিত হয় সবই চালু রয়েছে। | (০১) কার্যক্রম অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বিভিন্ন ভাতা প্রদানের নিমিত্ত অনলাইন আবেদন করার বিষয়টি ব্যাপক প্রচার করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| ০৯ | **শিক্ষা সংক্রান্ত :** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। আগামী ২৯ ডিসেম্বর, ২০২৪ এর মধ্যে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট আয়োজন সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। উক্ত টুর্নামেন্টটি আয়োজনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | (০১) উপজেলা পর্যায়ে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট আয়োজন সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, তেঁতুলিয়া |
| ১০ | **মহিলা বিষয়ক অধিদপ্তর :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (০১) কার্যক্রম অগ্রগতির ধারা অব্যাহত রাখতে এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় প্রদত্ত সরকারি সুযোগ সুবিধার বিষয়ে ব্যাপক প্রচার প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১১ | **যুব উন্নয়ন অধিদপ্তর ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (০১) সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ঃ**<br>(১) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তেঁতুলিয়া, পঞ্চগড় সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>তিনি আরো জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখা'র গত ১৪/১০/২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০১.২৪-০ নং স্মারকে ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং- ২২১০০০৪০০) থোক বরাদ্দ হতে সাধারণ বরাদ্দের ১ম কিস্তি বাবদ = ২১.১২ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে।<br>১ম কিস্তির সমপরিমাণ অর্থ বরাদ্দ ধরে মোট ৪ কিস্তিতে (১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি) = (৪ × ২১.১২) লক্ষ মোট = ৮৪.৪৮ লক্ষ টাকা সম্ভাব্য বরাদ্দ ধরে প্রকল্প গ্রহণ এবং নির্ধারিত সময়ের মধ্যে কাজ শুরু করার জন্য বিভিন্ন দপ্তর এবং ইউনিয়ন পরিষদ হতে অগ্রাধিকার তালিকা প্রণয়ন এবং উপজেলা প্রকল্প যাচাই-বাছাই কমিটির মাধ্যমে চূড়ান্ত করে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে তা সদয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>১ম কিস্তি = ২১.১২<br>সম্ভাব্য ২য় কিস্তি = ২১.১২<br>সম্ভাব্য ৩য় কিস্তি = ২১.১২<br>সম্ভাব্য ৪র্থ কিস্তি = ২১.১২<br>সর্বমোট বরাদ্দ = ৮৪.৪৮<br>তন্মধ্যে, ৩০% প্রকল্প কমিটি (পিআইসি) এর মাধ্যমে ১২টি প্রকল্পের বিপরীতে = ২৪.০০ লক্ষ টাকা এবং অবশিষ্ট অর্থ ইজিপি/টেন্ডার/আরএফকিউ পদ্ধতিতে (.০৫% নিম্নদরসহ) বাস্তবায়নের প্রস্তাব করা হয়।<br>**২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং- ২২১০০০৪০০) থোক বরাদ্দ এর আওতায় বাছাইকৃত এবং চূড়ান্ত প্রকল্পের তালিকা নিম্নরূপ:** | ১২.০১ঃ বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং- ২২১০০০৪০০) থোক বরাদ্দ হতে সাধারণ বরাদ্দের আওতায় বিভিন্ন দপ্তর এবং ইউনিয়ন পরিষদ হতে অগ্রাধিকার তালিকা প্রণয়ন এবং উপজেলা প্রকল্প যাচাই-বাছাই কমিটির মাধ্যমে চূড়ান্তকৃত প্রকল্প তালিকা **'পরিশিষ্ট-খ'** সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত ও অনুমোদিত হয়।<br><br>১২.০২ঃ বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিলের বরাদ্দের আওতায় চূড়ান্তকৃত প্রকল্প তালিকা **পরিশিষ্ট-গ** সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত ও অনুমোদিত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ তেঁতুলিয়া, পঞ্চগড় |

| ক্রম | খাতের নাম | প্রকল্প/স্কিমের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|
| ১. | মৎস্য ও প্রাণিসম্পদ | তিরনইহাট ইউনিয়নের সুবিধাবঞ্চিত পরিবারের জীবনমান উন্নয়নে গবাদি পশু (গরু/ছাগল) বিতরণ | ২.০০ |
| ২. | মৎস্য ও প্রাণিসম্পদ | ভজনপুর ইউনিয়নের সুবিধাবঞ্চিত পরিবারের জীবনমান উন্নয়নে গবাদি পশু (গরু/ছাগল) বিতরণ | ২.০০ |
| ৩. | পরিবহন ও যোগাযোগ | শালবাহান ইউনিয়নের পেদিয়াগছ গ্রামের নায়েব আলী বাড়ির সামনে কাঁচা রাস্তার ভাঙ্গন রোধে গাইডওয়াল নির্মাণ | ২.০০ |
| ৪. | পরিবহন ও যোগাযোগ | বুড়াবুড়ি গ্রামের মজিবরের মিল (এশিয়ান হাইওয়ে) হতে মিজানের বাড়ি পর্যন্ত রাস্তা এইচবিবি করণ | ২.০০ |
| ৫. | স্বাস্থ্য ও সমাজসেবা | মাধ্যমিক পর্যায়ের ছাত্রীদের মাঝে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির জন্য স্যানিটারী ন্যাপকিন সরবরাহ | ২.০০ |
| ৬. | স্বাস্থ্য ও সমাজসেবা | তেঁতুলিয়া উপজেলার প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে হুইল চেয়ার সরবরাহকরণ | ২.০০ |
| ৭. | কৃষি ও সেচ | তেঁতুলিয়া বাংলাবান্ধা স্থলবন্দর এলাকায় পরিবেশ উপযোগী এবং শোভা বর্ধনকারী বৃক্ষরোপন | ২.০০ |
| ৮. | কৃষি ও সেচ | Prepared a research paper titled 'Nature and its Rivers: Tentulia Chapter' | ২.০০ |
| ৯. | বিবিধ | তেঁতুলিয়া উপজেলায় স্কাউটিং/গার্লস গাইড কার্যক্রম জোরদার করার নিমিত্ত 'ডে ক্যাম্প' আয়োজন | ২.০০ |
| ১০. | পরিবহন ও যোগাযোগ | তিরনইহাট ইউনিয়নের রওশনপুর ফিরোজ কবিরের বাড়ির পার্শ্বে পুকুরে প্যালাসেডিং নির্মাণ | ২.০০ |
| ১১. | ক্ষুদ্র ও কুটির শিল্প | বিভিন্ন পেশাজীবি মানুষের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান | ২.০০ |
| ১২. | ক্ষুদ্র ও কুটির শিল্প | Prepared a research paper titled "Employment Crisis in Tentulia Upazila and It's remedies" | ২.০০ |
| ১৩. | পরিবহন ও যোগাযোগ | তেঁতুলিয়া উপজেলার সুবিধাবঞ্চিত পরিবারের মাঝে গৃহ নির্মাণ | ৪.০০ |
| ১৪. | পরিবহন ও যোগাযোগ | পর্যটকদের জন্য বাংলাবান্ধা স্থলবন্দর এলাকায় 'জিরো পয়েন্ট চত্বর' নির্মাণ | ৮.৭৫ |

CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১৫. | পরিবহন ও যোগাযোগ | বাংলাবান্ধা জিরো পয়েন্ট হতে স্থলবন্দর গেট পর্যন্ত স্ট্রিট লাইট স্থাপন | ৪.২০ |
| ১৬. | যুব, ক্রীড়া ও সংস্কৃতি | তেঁতুলিয়া মহানন্দা পার্কে বসার বেঞ্চ ও বেইজমেন্ট নির্মাণ | ৪.১৩ |
| ১৭. | শিক্ষার উন্নয়ন | তেঁতুলিয়া উপজেলার প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ | ৫.০০ |
| ১৮. | পরিবহন ও যোগাযোগ | বাংলাবান্ধা স্থলবন্দর হতে কাস্টমস এরিয়া অভিমুখে ড্রেন নির্মাণ | ৫.০০ |
| ১৯. | পরিবহন ও যোগাযোগ | বাংলাবান্ধা ইউনিয়নের ফুটকিবাড়ী হাসিবুলের বাড়ির সামনে খালের উপর ইউড্রেন নির্মাণ | ১.০০ |
| ২০. | পরিবহন ও যোগাযোগ | তিরনইহাট ইউনিয়নের ৯নং ওয়ার্ডের ইসলামপুর গ্রামের কাশিমউদ্দীনের বাড়ী হইতে পশ্চিম দিকে পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ | ৪.০০ |
| ২১. | পরিবহন ও যোগাযোগ | শালবাহান হাট হতে ভজনপুরগামী রাস্তার কালিতলা মোড়ে প্যালাসেডিং নির্মাণ | ৩.০০ |
| ২২. | পরিবহন ও যোগাযোগ | ভজনপুর ভুতিপুকুর এমাজ উদ্দীনের বাড়ি হতে ক্যাম্প পানি নিষ্কাশন ড্রেন নির্মাণ | ৪.০০ |
| ২৩. | জনস্বাস্থ্য | দেবনগর ইউনিয়ন পরিষদের পার্শ্বে একটি টয়লেট নির্মাণ | ১.৪০ |
| ২৪. | শিক্ষার উন্নয়ন | রনচন্ডি উচ্চ বিদ্যালয়ের শ্রেণি কক্ষ নির্মাণ/সংস্কার | ২.০০ |
| ২৫. | শিক্ষার উন্নয়ন | কালান্দিগঞ্জ উচ্চ বিদ্যালয়ের শ্রেণি কক্ষ নির্মাণ/সংস্কার | ২.০০ |
| ২৬. | শিক্ষার উন্নয়ন | শালবাহান দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়ের শ্রেণি কক্ষ নির্মাণ/সংস্কার | ২.০০ |
| ২৭. | শিক্ষার উন্নয়ন | আয়ুব উল হক দ্বি-মুখী বালিকা উচ্চ বিদ্যালয়ের শ্রেণি কক্ষ নির্মাণ/সংস্কার | ২.০০ |
| ২৮. | শিক্ষার উন্নয়ন | হারাদিঘী উচ্চ বিদ্যালয়ের শ্রেণি কক্ষ নির্মাণ/সংস্কার | ২.০০ |
| ২৯. | শিক্ষার উন্নয়ন | ভজনপুর ডিগ্রি কলেজ প্রাঙ্গনে উন্মুক্ত মঞ্চ নির্মাণ | ১.০০ |
| ৩০. | শিক্ষার উন্নয়ন | দেবনগর ইউনিয়নের মোঃ মইনুল হক বালিকা উচ্চ বিদ্যালয়ের শ্রেণি কক্ষ নির্মাণ/সংস্কার | ২.০০ |
| ৩১. | শিক্ষার উন্নয়ন | কাজী শাহাবুদ্দিন বালিকা উচ্চ বিদ্যালয়ের শ্রেণি কক্ষ নির্মাণ কাজের অবশিষ্ট কাজ সমাপ্তকরণ | ২.০০ |
| ৩২. | যুব, ক্রীড়া ও সংস্কৃতি | I Love Tetulia এর প্রবেশ পথ ও প্রাঙ্গন নির্মাণ | ১.০০ |
| | | মোট = | ৮৪.৪৮ |

(২) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে ২০২৩-২০২৪ অর্থবছরে স্থানান্তরকৃত ৪০,৫০,০০০/- (চল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকার অনুচ্ছেদ ২(ঘ) মোতাবেক স্থানীয় চাহিদা ও বাস্তব অবস্থার প্রেক্ষিতে গৃহীত প্রকল্পসমূহ তালিকা প্রস্তুত করে তা সদয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় বাছাইকৃত এবং চূড়ান্ত প্রকল্পের তালিকা নিম্নরূপঃ**

| ক্রম | খাতের নাম | প্রকল্প/স্কিমের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|
| ১. | কৃষি ও সেচ | তেঁতুলিয়া উপজেলার দরিদ্র কৃষকদের মাঝে স্প্রে মেশিন বিতরণ | ২.০০ |
| ২. | স্বাস্থ্য ও সমাজসেবা | মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের (কিশোর-কিশোরী) কৈশোরকালীন স্বাস্থ্য সচেতনতা, মাদক, যৌতুক ও বাল্য বিবাহ বিরোধী সম্পর্কিত সমাবেশ আয়োজন | ২.০০ |
| ৩. | যুব, ক্রীড়া ও সংস্কৃতি | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ | ২.০০ |
| ৪. | যুব, ক্রীড়া ও সংস্কৃতি | তেঁতুলিয়া সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনের মঞ্চ সম্প্রসারণ ও অবশিষ্ট কাজ সমাপ্তকরণ | ২.০০ |
| ৫. | যুব, ক্রীড়া ও সংস্কৃতি | ঐতিহ্যবাহী গ্রামীণ খেলাধূলা, ফুটবল ও ভলিবল টুর্নামেন্ট আয়োজন | ২.০০ |
| ৬. | শিক্ষার উন্নয়ন | তেঁতুলিয়া উপজেলার শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল বিতরণ | ৫.০০ |
| ৭. | মহিলা ও শিশু কল্যাণ | তেঁতুলিয়া উপজেলার অসহায়/ বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাদের আর্থসামাজিক উন্নয়নে সেলাই মেশিন সরবরাহ | ৪.০০ |
| ৮. | জনস্বাস্থ্য | তেঁতুলিয়া উপজেলার দরিদ্র পরিবারের মাঝে বিশুদ্ধ পানীয় জলের জন্য নলকূপ সরবরাহ | ৪.০০ |
| ৯. | পরিবহন ও যোগাযোগ | তেঁতুলিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স প্রবেশ গেট হতে বাংলাবান্ধাগামী হাইওয়ে সড়ক পর্যন্ত 'সংযোগ সড়ক' নির্মাণ | ১১.০০ |

CS CamScanner

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td>
<table>
<tr><td>১০.</td><td>পরিবহন ও যোগাযোগ</td><td>তেঁতুলিয়া ইউনিয়নের শারিয়ালজোত (৯নং ওয়ার্ড) দক্ষিণপাড়া পাকা রাস্তা হতে উত্তরগামী সিসি রাস্তা নির্মাণ</td><td>৪.০০</td></tr>
<tr><td>১১.</td><td>পরিবহন ও যোগাযোগ</td><td>তেঁতুলিয়া ইউনিয়নের বারঘড়িয়া গ্রামে কালভার্ট নির্মাণ</td><td>১.০০</td></tr>
<tr><td>১২.</td><td>পরিবহন ও যোগাযোগ</td><td>তেঁতুলিয়া ইউনিয়নের ভাদুবাড়ী রাস্তায় ইউড্রেন নির্মাণ</td><td>১.৫০</td></tr>
<tr><td colspan="3">মোট =</td><td>৪০.৫০</td></tr>
</table>
তন্মধ্যে, ৩০% প্রকল্প কমিটি (পিআইসি) এর মাধ্যমে ৬টি প্রকল্পের বিপরীতে = ১২.০০ লক্ষ টাকা এবং অবশিষ্ট অর্থ ইজিপি/টেন্ডার/আরএফকিউ পদ্ধতিতে (.০৫% নিম্নদরসহ) বাস্তবায়নের প্রস্তাব করা হয়।
</td><td></td><td></td></tr>
<tr><td>১৩</td><td><u>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ</u><br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>(০১) সুষ্ঠভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, তেঁতুলিয়া</td></tr>
<tr><td>১৪</td><td><u>উপজেলা সমবায় বিভাগ ঃ</u><br>উপজেলা সমবায় কর্মকতার মাধ্যমে সভা অবহিত হয় যে, উপজেলা সমবায় বিভাগ, তেঁতুলিয়া এর আওতায় সমবায় সমিতির নিবন্ধন, মূলধন গঠন, অডিট কার্যক্রম, সুষ্ঠভাবে চলছে।</td><td>(০১) সুষ্ঠভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, তেঁতুলিয়া ও ইউপি চেয়ারম্যান (সকল)</td></tr>
<tr><td>১৫</td><td><u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ</u><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।</td><td>(০১) সুষ্ঠভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তেঁতুলিয়া</td></tr>
<tr><td>১৬</td><td><u>বন বিভাগ ঃ</u> উপজেলা বিট অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।</td><td>(০১) সুষ্ঠভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>বিট কর্মকর্তা, তেঁতুলিয়া,</td></tr>
<tr><td>১৭</td><td><u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ</u> সভা অবহিত হয় যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের স্বাভাবিক কার্যক্রম চলছে। শিক্ষা মান উন্নয়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>(০১) শিক্ষার মান উন্নয়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা</td></tr>
<tr><td>১৮</td><td><u>ইউনিয়ন পরিষদ সংক্রান্তঃ</u><br>চেয়ারম্যান, ২নং তিরনইহাট ইউনিয়ন পরিষদ, তেঁতুলিয়া, পঞ্চগড় সভায় জানান যে, তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে।<br>ইউনিয়ন পর্যায়ে সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন এবং আইনশৃঙ্খলা রক্ষায় জনপ্রতিনিধিগণ সার্বিক সহযোগিতা প্রদান করে থাকেন। ফলে, চলমান পরিস্থিতিতে ইউনিয়ন পরিষদের কর্মকান্ড স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>চেয়ারম্যান, ৩নং তেঁতুলিয়া ইউনিয়ন পরিষদ, তেঁতুলিয়া, পঞ্চগড় সভায় জানান যে, ইউনিয়ন পরিষদের উন্নয়ন পরিকল্পনা ও প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>(০১) ইউনিয়ন পরিষদের স্বাভাবিক কর্মকান্ড পরিচালনা এবং উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সকলকে সম্মিলিতভাবে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার, তেঁতুলিয়া</td></tr>
<tr><td>১৯</td><td><u>উপজেলা পরিষদ (আর্থিক, উন্নয়নমূলক, অপারেশনাল, সমন্বয় ও বিবিধ) সংক্রান্ত ঃ</u><br>উপজেলা নির্বাহী অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় সভায় অবহিত করেন যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণীত উপজেলা পরিষদের আর্থিক ব্যবস্থাপনা ম্যানুয়াল, ২০২২ এবং স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা'র গত ১৬/০২/২০২০ তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ অনুচ্ছেদ অনুযায়ী ডিসেম্বর, ২০২৪ মাসে উপজেলা পরিষদের অস্থায়ীভিত্তিতে নিয়োজিত মালি/সুইপার/নিরাপত্তা আনসারের বেতন-ভাতা, উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি রক্ষণাবেক্ষণ, মাসিক সভার আপ্যায়ন ও আনুষঙ্গিক, বিদ্যুৎ, টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, বিজ্ঞাপন বিল, প্রকাশনা/মুদ্রণ, পানির পাম্প মেরামত, ইন্টারনেটসহ ইত্যাদি বিল বিধি মোতাবেক পরিশোধ করা যেতে পারে।</td><td>(১) উপজেলা নির্বাহী অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় সভায় অবহিত করেন যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণীত উপজেলা পরিষদের আর্থিক ব্যবস্থাপনা ম্যানুয়াল, ২০২২ এবং স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা'র গত ১৬/০২/২০২০ তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ অনুচ্ছেদ অনুযায়ী ডিসেম্বর, ২০২৪ মাসে উপজেলা পরিষদের অস্থায়ীভিত্তিতে নিয়োজিত মালি/সুইপার/নিরাপত্তা আনসারের বেতন-ভাতা, উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি রক্ষণাবেক্ষণ, মাসিক সভার আপ্যায়ন ও আনুষঙ্গিক, বিদ্যুৎ, টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, বিজ্ঞাপন বিল, প্রকাশনা/মুদ্রণ, পানির পাম্প মেরামত, ইন্টারনেটসহ ইত্যাদি বকেয়া ব্যয় বিল (পরিশিষ্ট-'ঘ') বিধি মোতাবেক</td><td>প্রশাসক<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>তেঁতুলিয়া, পঞ্চগড়</td></tr>
</table>

CamScanner

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td></td><td>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।</td><td></td></tr>
<tr><td></td><td>উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের জন্য প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত :<br>উপজেলা নির্বাহী অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় সভায় অবহিত করেন যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের নিমিত্ত নিম্নবর্ণিত প্রকল্পসমূহের উপজেলা প্রকৌশলীর প্রস্তুতকৃত প্রাক্কলন স্থানীয় সরকার মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>প্রকল্পসমূহ নিম্নরূপ :<br><table><tr><th>ক্রম</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr><tr><td>১</td><td>তেঁতুলিয়া উপজেলা পরিষদের জন্য এক ও অভিন্ন ডিজাইনের প্রবেশ গেট নির্মাণ</td><td>২২,৪৩,৯২০/-</td></tr><tr><td></td><td>সর্বমোট=</td><td>২২,৪৩,৯২০/-</td></tr></table></td><td>(০২) বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২৫ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের নিমিত্ত পার্শ্বে বর্ণিত ০১টি প্রকল্প উপজেলা প্রকৌশলীর প্রস্তুতকৃত প্রাক্কলন অনুযায়ী নির্বাহী প্রকৌশলীর কারিগরি প্রতিবেদন গ্রহণপূর্বক স্থানীয় সরকার মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।</td><td>প্রশাসক,<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>এবং উপজেলা প্রকৌশলী,<br>এলজিইডি,<br>তেঁতুলিয়া, পঞ্চগড়</td></tr>
</table>

অতঃপর অদ্য আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/১২/২৪

মোঃ ফজলে রাব্বি
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
তেঁতুলিয়া, পঞ্চগড়

## উপজেলা পরিষদ কার্যালয়

তেঁতুলিয়া, পঞ্চগড়
www.tetulia.panchagarh.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৭৭৯০.৮৩১.০৪.০০২.২৪-৮৭৬

তারিখ- ০৭ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

**অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৪. জেলা প্রশাসক, পঞ্চগড়
৫. উপসচিব, উপজেলা-১/উপজেলা-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. উপপরিচালক, স্থানীয় সরকার, পঞ্চগড়
৭. উপজেলা ............................................... কর্মকর্তা, তেঁতুলিয়া, পঞ্চগড়
৮. চেয়ারম্যান ............................................... ইউনিয়ন পরিষদ, তেঁতুলিয়া, পঞ্চগড়
৯. জনাব ............................................................ তেঁতুলিয়া, পঞ্চগড়
১০. অফিস কপি/সংরক্ষণ নথি/ ওয়েব সাইট কপি

২২/১২/২৪

মোঃ ফজলে রাব্বি
উপজেলা নির্বাহী অফিসার
তেঁতুলিয়া, পঞ্চগড়

CamScanner